



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১২. ২০২০- ৭৭২

তারিখঃ

৩১ আষাঢ় ১৪২৮

১৫ জুলাই ২০২১

বিষয়ঃ নির্বাচিত জনপ্রতিনিধিগণকে অগ্রাধিকারভিত্তিতে করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতায় নির্বাচিত জনপ্রতিনিধিগণের নেতৃত্বে দেশব্যাপী পাঁচ স্তরের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) তৃণমূল পর্যায়ে জনগণকে সেবা প্রদান করে যাচ্ছে। কোভিড-১৯ মহামারী মোকাবেলায় নিয়োজিত সম্মুখ সারির যোদ্ধা হিসেবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ৬৭ হাজারের অধিক নির্বাচিত জনপ্রতিনিধি প্রতিরোধমূলক কার্যক্রমের অংশ হিসেবে পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য জীবাণুনাশক স্প্রে, হ্যান্ড স্যানিটাইজার, সুরক্ষা সামগ্রী ক্রয় ও বিতরণ, কোভিড-১৯ সনাক্তকরণের জন্য নমুনা সংগ্রহ ও পরীক্ষা, হাত ধোয়ার ব্যবস্থাকরণসহ সকল পর্যায়ে ত্রাণ সামগ্রী বিতরণ করে যাচ্ছে। এছাড়াও জনগণকে করোনা ভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য উদ্বৃত্তকরণসহ এ কাজে সার্বিক সহায়তা প্রদান করছে। লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত অনেক জনপ্রতিনিধি এখনও করোনা ভাইরাসের ভ্যাকসিন গ্রহণ করেননি। সে পরিপ্রেক্ষিতে কোভিড-১৯ মহামারী মোকাবেলায় নিয়োজিত সম্মুখ সারির যোদ্ধা হিসেবে নির্বাচিত জনপ্রতিনিধিগণকে অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন প্রদান করা প্রয়োজন।

২। বগিতাবস্থায়, কোভিড-১৯ মহামারী মোকাবেলায় নিয়োজিত সম্মুখ সারির যোদ্ধা হিসেবে নির্বাচিত জনপ্রতিনিধিগণকে অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

M M Rahman
২৭/০৭/২০২১

এ কে এম মিজানুর রহমান

উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

E-mail: lgadmin1@lgd.gov.bd

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি : সদয় কার্যার্থে

- ১। মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জেলা
- ৪। মেয়র, পৌরসভা জেলা
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন উপজেলা- জেলা

তঁার প্রতিষ্ঠানের নির্বাচিত
সকল জনপ্রতিনিধিকে
অগ্রাধিকারভিত্তিতে করোনা
ভাইরাসের ভ্যাকসিন
গ্রহণের জন্য অনুরোধ করা
হল।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।